আল্লাহু আকবর ধ্বনিতে দক্ষিণ সুরমা সরকারি কলেজ শিক্ষার্থীদের বিক্ষোভ

চেম্বার ডেস্ক:: মহানবী হযরত মুহাম্মদ (সা.) নিয়ে কটূক্তির প্রতিবাদে নারায়ে তাকবীর, আল্লাহু আকবর ধ্বনিতে প্রকম্পিত হয়েছে দক্ষিণ সুরমা সরকারি কলেজের ক্যাম্পাস।

রোববার (১৩ জুন) দুপুরে প্রতিবাদে কলেজের শিক্ষার্থীদের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

কলেজের ক্যাম্পাস থেকে বিক্ষোভ মিছিল নিয়ে শিক্ষার্থীরা চন্ডিপুল পয়েন্ট প্রদক্ষিণ করেন। এসময় সিলেট-ঢাকা মহাসড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়। পরে কলেজের মূল ফটকের সামনে অবস্থান নেন শিক্ষার্থীরা।

মিছিলে ‘বিশ্ব নবীর অপমান, সইবে নারে মুসলমান’, ‘নূপুর শর্মার বিচার চাই’-সহ শিক্ষার্থীদের বিভিন্ন স্লোগান দিতে দেখা যায়।

শিক্ষাথীরা বলেন, আমাদের প্রিয়নবী হযরত মুহাম্মদ (সা.) ও হযরত আয়েশা (রা.)-কে নিয়ে ভারতের বিজেপি নেত্রী যে মন্তব্য করেছেন এটি অত্যন্ত গর্হিত কাজ। আমরা সাধারণ শিক্ষার্থীরা এ ধরনের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।। একইসঙ্গে তার বিচারের দাবি করছি। কোনো ধর্মের বিষয়ে এ ধরনের বাড়াবাড়ি কাম্য নয়।